

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ আমরা যেসব জায়গায় রফ'উল ইয়াদাইন করার কথা বর্ণনা করলাম, সেসব জায়গায় কাঁধ পর্যন্ত রফ'উল ইয়াদাইন করা মুস্তাহাব

ذِكْرُ مَا يُسْتَحَبُّ لِلْمُصلِّي أَنْ يَكُونَ رَفْعُهُ يَدَيْهِ فِي الْمَوْضِعِ الَّذِي وَصَفْنَاهُ إِلَى الْمَنْكِبَيْنِ

আরবী

1862 _ أَخْبَرَنَا إِبْرَاهِيمُ بْنُ عَلِىّ الْهَزَارِيُّ بِسَارِيَةَ قَالَ: حَدَّثَنَا عَمْرُو بْنُ عَلِىّ الْفَلَّاسُ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيد الْقَطَّانُ عَنْ عَبْد الْحَمِيد بن جعفر قال: حدثني محمد بن عمرو بْن عَطَاءٍ عَنْ أَبِي حُمَيْدِ قَالَ: سَمِعْتُهُ فِي عَشْرَةٍ مِنْ أَصْحَابِ النَّبِيّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَحَدُهُمْ أَبُو قَتَادَةَ قَالَ: أَنَا أَعْلَمُكُمْ بِصِلَاةِ رَسُولِ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالُوا: مَا كُنْتَ أَقْدَمَنَا لَهُ صُحْبَةً وَلَا أَكْثَرَنَا لَهُ تَبَعَةً! قَالَ: بَلَى قَالُوا: فَاعْرضْ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صِلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِذَا قَامَ إِلَى الصَّلَاةِ اسْتَقْبَلَ الْقِبْلَةَ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى يُحَاذِيَ بِهِمَا مَنْكِبَيْهِ ثُمَّ قَالَ: اللَّهُ أَكْبَرُ وَإِذَا رَكَعَ كَبَّرَ وَرَفَعَ يَدَيْهِ حِينَ رَكَعَ ثُمَّ يَعْتَدلُ فِي صُلْبِهِ وَلَمْ يَنْصِبْ رَأْسَهُ وَلَمْ يُقْنِعْهُ ثُمَّ رَفَعَ رَأْسَهُ وَقَالَ: سَمِعَ اللَّهُ لِمَنْ حَمِدَهُ وَرَفَعَ يَدَيْهِ حَتَّى يُحَاذِيَ بِهِمَا مَنْكِبَيْهِ ثُمَّ اعْتَدَلَ ثُمَّ سَجَدَ وَاسْتَقْبَلَ بِأَطْرَافِ رِجْلَيْهِ الْقِبْلَةَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ فَقَالَ: اللَّهُ أَكْبَرُ فَتُنَى رِجْلَهُ الْيُسْرَى وَقَعَدَ وَاعْتَدَلَ حَتَّى يَرْجِعَ كُلُّ عَظْم إِلَى مَوْضِعِهِ مُعْتَدلًا ثُمَّ قَالَ: اللَّهُ أَكْبَرُ وَإِذَا قَامَ مِنَ الرَّكْعَتَيْن كَبَّرَ ثُمَّ قَامَ حَتَّى إِذَا كَانَتِ الرَّكْعَةُ الَّتِي تَنْقَضِي فِيهَا أَخَّر رِجْلَهُ الْيُسْرَى وَقَعَدَ عَلَى رِجْلِهِ متوركاً ثم سلَّم. الراوي: أَبُو حُمَيْد | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 1862 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) .(720)

বাংলা



১৮৬২. আবৃ হুমাইদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আমি দশজন সাহাবীর মাঝে এই হাদীস শুনেছি, তাদের মাঝে একজন আবৃ কাতাদা রাদ্বিয়াল্লাহু আনহু, তিনি বলেন, "আমি আপনাদের মাঝে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিষয়ে সবচেয়ে বেশি অবগত।" তখন অন্যান্য সাহাবীগণ বললেন, "আপনি তো আমাদের মাঝে সাহাবী হওয়ার দিক থেকে অগ্রগামী ছিলেন না, অনুসারী হওয়ার দিক দিয়েও আধিক্যের অধিকারী না!" জবাবে তিনি বলেন, "হাাঁ।" তাঁরা বললেন, "আপনি (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের বিবরণ) পেশ করুন।" তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাছু আলাইহি ওয়া সাল্লাম সালাতে দাঁড়াতেন, তখন কিবলামুখী হতেন এবং রফ'উল ইয়াদাইন করতেন, হাতকে কাঁধ বরাবর করতেন। তারপর 'আল্লাছু আকবার' বলতেন। অতঃপর যখন রুকু' করতেন, তখন তাকবীর দিতেন এবং রফ'উল ইয়াদাইন করতেন। তারপর রুকু'তে পিঠ সোজা করতেন; পিঠকে উঁচু করতেন না আবার নিচুও করতেন না। তারপর রুকু' থেকে মাথা উত্তোলন করতেন, বলতেন, কুমি বরাবর করতেন। তারপর সোজা হয়ে দাঁড়াতেন। তারপর সাজদা করেতন। তিনি পায়ের আঙ্গুলগুলোকে কিবলামুখী করতেন। তারপর সাজদা থেকে মাথা উত্তোলন করতেন এবং বলতেন 'আল্লাহু আকবার'। আর যখন দ্বিতীয় রাকা'আতে থেকে দাঁড়াতেন, তখন তাকবীর দিতেন এবং তাঁর পায়ের দাঁড়াতেন। এভাবে যখন শেষ রাকা'আতে থাকতেন, তখন তিনি বাম পা বের করে দিতেন এবং তাঁর পায়ের উপর তাওয়ার্রুক করে বসতেন। তারপর সালাম ফেরাতেন।"[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৪২৪; ইমাম বুখারী, কুররাতুল আইনাইন: ৫; আবূ দাউদ: ৭৩০, ৯৬৩; তিরমিযী: ৩০৪; নাসাঈ: ৩/৩৪; বাগাবী, শারহুস সুন্নাহ: ৫৫৫; সহীহ ইবনু খুয়াইমাহ: ৫৮৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/২৩৫; বাইহাকী: ২/২৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাউদ: ৭২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুমায়দ সা'ঈদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন